সংবাদ

তারিখ 11 FEB 2007
পৃষ্ঠা 2 কলাম

# রাবিতে গণনিয়োগ দাবি : প্রো-ভিসি ঘেরাও

নিজস্ব বার্তা পরিবেশক, রাজশাহী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বেপরোয়াভাবে চলতে চলতে থমকে যাওয়া গণনিয়োগ সম্পন্নের দাবিতে গতকাল শনিবার সকালে প্রায় শতাধিক চাকরিপ্রার্থী প্রশাসন ভবন অফিসে উপ-উপাচার্য প্রফেসর মামনুনুল কেরামতকে ঘেরাও করে। এদের মধ্যে '৫৪৪' খ্যাত দৈনিক মজুরিভিত্তিতে নিয়োজিত বিএনপি-জামাত-শিবির ক্যাডাররা ছাড়াও উল্লেখযোগ্যসংখ্যক বহিরাগত ছিল।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, রাবি প্রশাসন ভবনে নিযুক্ত একজন প্রশাসক ও তারই বিভাগের একজন সিন্ডিকেট সদস্যসহ নিয়োগ-বাণিজ্যের সাথে জড়িত কয়েকজন বিএনপি-জামাত সমর্থক শিক্ষকের পরামর্শে সামণ্ডল, মান্নান, হাবিল, পিন্টু প্রমুখের নেতৃত্বে শনিবার সকাল থেকেই তারা প্রশাসন ভবনের পশ্চিমে লিচুতলায় জড়ো হতে থাকে। বেলা সাড়ে ১১টার দিকে তারা জনসংযোগ দপ্তরে প্রশাসক আবু বকর সিদ্দিক ভূঁইয়া ও সিন্ডিকেট সদস্য শরিফুল ইসলামের সাথে নিয়োগের বিষয়ে আলোচনা করে ও তাদের পরামর্শে উপ-উপাচার্যের কাছে যায়। উপ-উপাচার্য তাদের বেলা একটায় নিয়োগ বিষয়ে আলোচনা করতে সময় দেন। যথাসময়ে তারা দলে বেশ ভারী হয়ে উপ-উপাচার্যের কাছে গিয়ে দ্রুত নিয়োগ সম্পন্ন করার দাবি জানালে তিনি তাদের সুনির্দিষ্ট কিছু না বলে ধৈর্য ধরার পরামর্শ দিলে সেখানে উত্তেজনার সৃষ্টি হয়। পরে কয়েকজন বিএনপি-জামায়াত সমর্থক শিক্ষকের ইশারায় তারা সেখান থেকে সরে যায়। একটি সূত্র জানায় যে, শনিবারের এই ঘটনার নেপথ্যে ছিল নিয়োগ বাণিজ্য নিয়ন্ত্রণকারী কিছু শিক্ষক।